গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ৩৩৯-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর subsection (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার The Blue Sky Charitable Foundation, অতঃপর উক্ত Foundation বলিয়া উল্লিখিত, এর ব্যাংকে গচ্ছিত সঞ্চয়ী ও স্থায়ী আমানতের সুদ আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পাঁচ বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ:

(ক) উক্ত Foundation-কে এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত আয়কে বাংলাদেশে স্তন স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, স্তন ক্যান্সারে নারী মৃত্যুর হার কমানো এবং স্তন ক্যান্সার আক্রান্ত দুস্থ অনগ্রসর রোগীদের সহায়তা প্রদানে ব্যয় করিতে হইবে; এবং

(খ) উক্ত Foundation-কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner